

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪১৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৫. তৃতীয় অনুচ্ছেদ - খুতবাহ্ ও সালাত

### আরবী

عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ قَائِمًا ثُمَّ يَجْلِسُ ثُمَّ يَغُومُ فَيَخْطُبُ قَائِمًا فَقَدْ كَذَبَ فَقَدَ وَالله صليت مَعَه أَكُثُومُ فَيَخْطُبُ قَائِمًا فَقَدْ كَذَبَ فَقَدَ وَالله صليت مَعَه أَكثر من ألفي صَلَاة. رَوَاهُ مُسلم

### বাংলা

১৪১৫-[১৫] জাবির ইবনু সামুরাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়িয়ে খুতবাহ্ দিতেন। এরপর তিনি বসতেন। আবার তিনি দাঁড়িয়ে দ্বিতীয় খুতবাহ্ দিতেন। যে ব্যক্তি তোমাকে বলবে, তিনি বসা অবস্থায় খুতবাহ্ দিয়েছেন, সে মিথ্যাবাদী। আল্লাহর শপথ করে বলছি! আমি তাঁর সাথে দু'হাজারেরও বেশী সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেছি (তাঁকে বসে বসে খুতবাহ্ দিতে কোন দিন দেখিনি)। (মুসলিম)[1]

# ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৮৬২, আহমাদ ২০৮৫১, সুনানুল কুবরা লিল বায়হাকী ৫৭০১।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (ﷺ مَعَهُ أَكْثَرَ مِنْ أَلْفَيْ صَلَاةٍ) অর্থাৎ জুমু'আহ্ এবং জুমু'আহ্ ছাড়া, অথবা এর দ্বারা আধিক্য উদ্দেশ্য, নির্ধারিত সীমা উদ্দেশ্য নয়। কেননা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনায় মাত্র ১০ বছর অবস্থান করেছেন, আর মদীনায় আগমনের প্রথম জুমু'আহ্ থেকে তিনি ২ হাজার জুমু'আহ্ আদায় করেননি বরং মোটামোটি ৫০০ জুমু'আর মতো আদায় করেছেন। (অর্থাৎ ১ বছর = ৫২ জুমু'আহ্, আর ১০ বছর = ৫২ × ১০ = ৫২০ জুমু'আহ্)।

আলোচ্য হাদীস নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সর্বদা দাঁড়িয়ে খুতবাহ্ দেয়ার উপর প্রমাণ করে। আর এর দ্বারা ইমাম শাফি'ঈ ও মালিক (রহঃ) দলীল গ্রহণ করেছেন। কেননা তাদের মতে দাঁড়িয়ে খুতবাহ্ দেয়া ওয়াজিব।



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

**𝚱** Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55975

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন